রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, অক্টোবর ৬, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২১ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ/০৬ অক্টোবর, ২০২৫ খ্রিষ্টাব্দ**

**এস. আর.ও. নম্বর ৪০১-আইন/২০২৫।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে 'জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯' এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর—

(ক) দফা (গ) এর উপদফা (আ) এর প্রান্তস্থিত "এবং" শব্দটি বিলুপ্ত হইবে এবং উপদফা (ই) এর প্রান্তস্থিত সেমিকোলন চিহ্নের পর "এবং" শব্দটি সংযোজিত হইবে এবং অত:পর নিম্নরূপ নূতন উপদফা (ঈ) সংযোজিত হইবে, যথা:—

"(ঈ) অন্যান্য বিশেষ আদালতের কোনো পদের ক্ষেত্রে ভিন্নরূপ কোনো বিধান না থাকিলে উক্ত আদালতের বিচারক;";



**মূল্য :** টাকা ৮·০০

(খ) দফা (ঙ) এ উল্লিখিত 'সরাসরি বা' শব্দগুলি বিলুপ্ত হইবে;

(গ) দফা (ঙ) এর পর নিম্নরূপ নূতন দফা (ঙঙ) সংযোজিত হইবে, যথা:—

"(ঙঙ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে 'বাছাইকারী কর্তৃপক্ষ' অর্থ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন;";

(২) বিধি ৪ এর—

(ক) উপবিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপবিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) এই বিধিমালা কিংবা অন্য কোনো বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, কোনো নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ, বাছাইকারী কর্তৃপক্ষ কর্তৃক বাছাইকৃত উপযুক্ত প্রার্থীদের তালিকা হইতে উক্ত পদে নিয়োগদান করিবে:

তবে শর্ত থাকে যে, সরাসরি নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীদের তালিকা প্রস্তুতের ক্ষেত্রে বাছাইকারী কর্তৃপক্ষ—

(অ) কোনো প্রার্থীর দ্বিতীয় তফসিলে উল্লিখিত লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হইবার বিষয় বিবেচনা করিবে;

(আ) কোটা-সংক্রান্ত প্রচলিত বিধিবিধান প্রতিপালন করিবে।";

(খ) উপবিধি (১) এর পর নিম্নরূপ নূতন উপবিধি (১ক), (১খ) ও (১গ) সংযোজিত হইবে, যথা:—

"(১ক) বাছাইকারী কর্তৃপক্ষ সরাসরি নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ, নৈর্ব্যক্তিক অভীক্ষা (এমসিকিউ) অথবা প্রাক-বাছাই পরীক্ষা, লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষা, প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষাসহ আনুষঙ্গিক বিষয়ে তথ্য ও নির্দেশনা প্রকাশ করিতে পারিবে এবং প্রয়োজনবোধে সময় সময় উক্ত তথ্য ও নির্দেশনা সংশোধন করিতে পারিবে।

(১খ) কোনো পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে এই বিধিমালার কোনো বিধানের অস্পষ্টতা বা দ্ব্যর্থবোধকতা নিরসনের জন্য কিংবা অসম্পূর্ণতা পরিপূরণের জন্য সরকার প্রয়োজনীয় নির্দেশনা জারি করিতে পারিবে।

(১গ) নিয়োগকারী কর্তৃপক্ষ সময় সময় সরাসরি নিয়োগের নিমিত্ত শূন্যপদের তালিকা বাছাইকারী কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করিবে এবং বাছাইকারী কর্তৃপক্ষ সেই অনুযায়ী প্রয়োজনীয় বাছাই কার্যক্রম সম্পন্ন করিবে।”;

(গ) উপবিধি (২) এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ক) বাংলাদেশের নাগরিক না হন বা বাংলাদেশের স্থায়ী অধিবাসী বা বাংলাদেশের ডমিসাইল না হন বা অন্য কোনো দেশের নাগরিকত্ব থাকে;”;

(ঘ) উপবিধি (৪) এর দফা (ক) এ উল্লিখিত ‘বাছাই কমিটি’ শব্দগুলির পরিবর্তে ‘বাছাইকারী কর্তৃপক্ষ’ শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ৫ এর উপবিধি (২) এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ক) প্রার্থীগণকে স্বীকৃতি প্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটধারী বা উহার সমমানের শিক্ষাগত যোগ্যতার অধিকারী হইতে হইবে এবং ইহা ছাড়া, প্রার্থীদের বয়স নির্ধারণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত সরকারি চাকরিতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য বয়সসীমা অনুসরণ করা হইবে;”;

(৪) বিধি ৯ এর পর নিম্নরূপ নূতন বিধি ৯ক সংযোজিত হইবে, যথা:—

“৯ক। **সরাসরি নিয়োগ-সংক্রান্ত বিশেষ বিধান।**—(১) বিধিমালার এই সংশোধনী কার্যকর হইবার তারিখে নিয়োগকারী কর্তৃপক্ষের অধীন চলমান কোনো সরাসরি নিয়োগের কার্যক্রমে লিখিত পরীক্ষা গ্রহণ সম্পন্ন না হইলে নিয়োগকারী কর্তৃপক্ষ সকল প্রার্থীর আবেদনসমূহ, তদসংযুক্ত কাগজাদি (যদি থাকে) ও নিয়োগ বিজ্ঞপ্তি বিধিমালার এই সংশোধনী কার্যকর হইবার ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে বাছাইকারী কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করিবে।

(২) বাছাইকারী কর্তৃপক্ষ উপবিধি (১) এ বর্ণিত আবেদন, তদ্‌সংযুক্ত কাগজাদি (যদি থাকে) ও নিয়োগ বিজ্ঞপ্তি প্রাপ্তির পর তদ্‌ভিত্তিতে বাছাইসংক্রান্ত কার্যক্রম গ্রহণ করিবে এবং এই ক্ষেত্রে নূতন নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ ও আবেদন আহ্বানের প্রয়োজন হইবে না।

(৩) বিধিমালার এই সংশোধনী কার্যকর হইবার তারিখে কোনো নিয়োগকারী কর্তৃপক্ষের অধীন সরাসরি নিয়োগের কার্যক্রমে লিখিত পরীক্ষা সম্পন্ন হইয়া থাকিলে এবং তৎপরবর্তী কোনো ধাপ অনিষ্পন্ন থাকিলে উক্ত পদের নিয়োগ ও বাছাই কার্যক্রম এমনভাবে সম্পন্ন করিতে হইবে যেনো বিধিমালার এই সংশোধনী জারি হয় নাই।”;

(৫) প্রথম তফসিলের—

(ক) ক্রমিক নং-১ এর ২নং কলামে উল্লিখিত “সেরেস্তাদার, জেলা জজ/ বিভাগীয় বিশেষ জজ আদালত” শব্দগুলির পরিবর্তে “প্রশাসনিক কর্মকর্তা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) ছকের ১নং ক্রমিকের বিপরীতে ৪নং কলামে ‘ক’ অংশের ১নং ক্রমিকে উল্লিখিত ‘৮০%’ সংখ্যা ও চিহ্নের পরিবর্তে ‘৩০%’ সংখ্যা ও চিহ্ন এবং ২নং ক্রমিকে উল্লিখিত ‘২০%’ সংখ্যা ও চিহ্নের পরিবর্তে ‘৭০%’ সংখ্যা ও চিহ্ন প্রতিস্থাপিত হইবে;

(গ) ছকের ৫ থেকে ১৩নং এবং ১৬ থেকে ১৭নং ক্রমিকের বিপরীতে ৩নং কলামে উল্লিখিত ‘১৮-২৭ বৎসর’ শব্দগুলির পরিবর্তে ‘সরকারি চাকরিতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য বয়স’ শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ঘ) ছকের ‘খ’ অংশে ৮নং ক্রমিকের ৫নং কলামে দফা (খ) এর পর এবং ‘গ’ অংশে ১৬নং ক্রমিকের বিপরীতে ৫নং কলামে দফা (খ)-এর প্রান্তস্থিত দাঁড়ি চিহ্নটির পরিবর্তে সেমিকোলন চিহ্নটি প্রতিস্থাপিত হইবে এবং অত:পর নিম্নরূপ নূতন দফা (গ) সংযোজিত হইবে, যথা:—

“(গ) ড্রাইভিং-এর ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ।”;

(৬) দ্বিতীয় তফসিলের পরিবর্তে নিম্নরূপ 'দ্বিতীয় তফসিল' প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"দ্বিতীয় তফসিল**

**'ক' অংশ**

**[বিধি ৪(১) এর শর্তাংশের দফা (অ) দ্রষ্টব্য]**

**নৈর্ব্যক্তিক অভীক্ষা (এমসিকিউ) পরীক্ষা**

<table>
<tr><th>ক্রমিক</th><th>পরীক্ষার বিষয় ও নম্বর</th><th>পূর্ণ নম্বর</th><th>ন্যূনতম পাস নম্বর</th><th>পরীক্ষার সময়</th></tr>
<tr><td>১.</td><td>বাংলা-২০</td><td rowspan="5">১০০</td><td rowspan="5">বাছাইকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে</td><td rowspan="5">১ ঘণ্টা</td></tr>
<tr><td>২.</td><td>ইংরেজি-২০</td></tr>
<tr><td>৩.</td><td>গণিত-১০</td></tr>
<tr><td>৪.</td><td>সাধারণ জ্ঞান (বাংলাদেশ)-২৫</td></tr>
<tr><td>৫.</td><td>সাধারণ জ্ঞান (আন্তর্জাতিক)-২৫</td></tr>
</table>

**লিখিত ও মৌখিক পরীক্ষা**

<table>
<tr><th>পরীক্ষার নাম</th><th>পরীক্ষার বিষয়</th><th>নম্বর</th><th>ন্যূনতম পাস নম্বর</th><th>সময়</th></tr>
<tr><td rowspan="5">লিখিত পরীক্ষা</td><td>১। বাংলা</td><td>২৫</td><td rowspan="5">৫০%</td><td rowspan="5">৯০ মিনিট</td></tr>
<tr><td>২। ইংরেজি</td><td>২৫</td></tr>
<tr><td>৩। গণিত</td><td>২০</td></tr>
<tr><td>৪। সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক)</td><td>২০</td></tr>
<tr><td>মোট =</td><td>৯০</td></tr>
<tr><td>মৌখিক পরীক্ষা</td><td></td><td>১০</td><td></td><td></td></tr>
<tr><td></td><td>সর্বমোট =</td><td>১০০</td><td></td><td></td></tr>
</table>

**ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে)**

| ক্রমিক | পরীক্ষার বিষয় | পূর্ণ নম্বর | ন্যূনতম পাস নম্বর | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ১. | সাঁটলিপিতে বাংলা শ্রুতিলিখন | ১০০ | ৫০% | বাছাইকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে |
| ২. | সাঁটলিপিতে ইংরেজি শ্রুতিলিখন | ১০০ | | |
| ৩. | ইংরেজিতে টাইপকরণ | ৫০ | | |
| ৪. | বাংলায় টাইপকরণ | ৫০ | | |
| ৫. | ড্রাইভিং | ১০০ | | |

**‘খ’ অংশ**

**[বিধি ৪(১) এর শর্তাংশের দফা (অ) দ্রষ্টব্য]**

| ক্রমিক | পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | প্রতি মিনিটে প্রয়োজনীয় শব্দ |
|---|---|---|---|
| ১. | সরাসরি নিয়োগ | সাঁটলিপিতে বাংলা শ্রুতিলিখন | ৫০ |
| ২. | | সাঁটলিপিতে ইংরেজি শ্রুতিলিখন | ৮০ |
| ৩. | | ইংরেজিতে টাইপকরণ | ৩০ |
| ৪. | | বাংলায় টাইপকরণ | ২৫ |
| ৫. | পদোন্নতি ও সিলেকশন গ্রেড | সাঁটলিপিতে বাংলা শ্রুতিলিখন | ৬০ |
| ৬. | | সাঁটলিপিতে ইংরেজি শ্রুতিলিখন | ৮০ |
| ৭. | | ইংরেজিতে টাইপকরণ | ৩০ |
| ৮. | | বাংলায় টাইপকরণ | ৩৫ |

(৭) ‘দ্বিতীয় তফসিল’এর পর নিম্নরূপ নূতন ‘তৃতীয় তফসিল’ সংযোজিত হইবে, যথা:—

**“তৃতীয় তফসিল**

**[বিধি ৪(১গ) দ্রষ্টব্য]**

**সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদের তালিকা**

প্রেরক,

জেলা জজ/বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ/বিচারক

..................আদালত/ট্রাইব্যুনাল

প্রাপক,

সচিব

বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন

বিষয় : জেলা জজ/বিভাগীয় বিশেষ জজ/অন্যান্য আদালতে সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদের তালিকা।

| ক্রমিক | পদের নাম | মোট অনুমোদিত পদসংখ্যা | সরাসরি নিয়োগের মাধ্যমে নিয়োগযোগ্য শূন্যপদের সংখ্যা | রাজস্বভুক্ত পদ কি না | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | | | | | |
| ২। | | | | | |

জেলা জজ/বিভাগীয় বিশেষ জজ/বিশেষ জজ/বিচারক
................আদালত/ট্রাইব্যুনাল”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লিয়াকত আলী মোল্লা**
সচিব (চলতি দায়িত্ব)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd